

শৈক্ষিক ইনস্টিটিউট

তারিখ: ০৪ নভেম্বর ২০০২
পৃষ্ঠা: ৩

NOV. 26 2002

জাতির ভাগ্য পরিবর্তন করতে হলে শিক্ষার কোন বিকল্প নেই

-শিক্ষা প্রতিমন্ত্রী

সিলেট অফিসে, শিক্ষা প্রতিমন্ত্রী ম
এহসানুল হক মিলন বলেছেন, একটি-সর্গ
ভাগ্য পরিবর্তন ও উন্নত জাতি হিসেবে প্র
পেতে হলে শিক্ষার কোন বিকল্প নেই।
গত (শনিবার) দুপুরে সিলেট সরকারী
কলেজে বেগম দুররে সামাদ রহমান ছা
দিবাসের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে বক্তব্য
দানকালে এ কথা বলেন।
প্রতিমন্ত্রী বলেন, বর্তমান জোট সরকার শিক্ষা
ক্ষেত্রের উন্নয়নে ব্যাপক সংস্কার ও কর্মসূচী গ্রহণের
প্রাণাংশি নারী শিক্ষার উন্নয়নে যুগান্তকারী
পদক্ষেপ গ্রহণ করেছে। এ প্রসঙ্গে তিনি ছাদশ
শ্রেণী পর্যন্ত ছাত্রীদের উপবৃত্তি প্রদান ব্যবস্থা
প্রবর্তনের কথা উল্লেখ করেন।
সিলেটে লেখাপড়ার উন্নয়নে তার আন্তরিক প্রচেষ্টা
অব্যাহত থাকবে এ কথা উল্লেখ করে জ্ঞান
মিলন বলেন, অন্যান্য সুযোগ-সুবিধাদানের
পাশাপাশি সিলেটে একটি রেসিডেন্সিয়াল কলেজ
প্রতিষ্ঠা অচিরেই বাস্তবায়নের পথে রয়েছে।
প্রতিমন্ত্রী মহিলা কলেজের সার্বিক সমস্যা
সমাধানে তার প্রচেষ্টা অব্যাহত থাকবে বলে দৃঢ়
প্রত্যয় ব্যক্ত করেন।
আইস প্রিন্সিপাল অধ্যাপক আতাউল হক নসরের
সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন
কলেজ প্রিন্সিপাল প্রফেসর শামসুন্নেহার,
শাহজলিল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রো-
ভিসি ডক্টর মোসলেহ উদ্দিন তারেক, জেলা
বিএনপির সাধারণ সম্পাদক আরিফুল হক চৌধুরী
ও শিক্ষা প্রকৌশল অধিদফতরের প্রধান প্রকৌশলী
আহিদুর রহমান।